



জেলা পরিষদ  
বাগেরহাট  
www.zpbagerhat.gov.bd

শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

স্মারক নংঃ- ৪৬.৪২.০১০০.০০১.৩২.১৮৪.২৩-১০৯

তারিখঃ ২৬.০৪.২০২৩ খ্রি.

**প্রকাশ্য নিলামে বিভিন্ন পুকুর পাড় ও রাস্তার পার্শ্বের গাছের মৌসুমী রস ও ফল বিক্রয় বিজ্ঞপ্তি**

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাগেরহাট জেলা পরিষদ মালিকানাধীন বিভিন্ন পুকুর পাড় ও রাস্তার পার্শ্বের তাল গাছের মৌসুমী রস ফল প্রকাশ্যে নিলামে বিক্রয়ের জন্য বিজ্ঞপ্তিতে উল্লেখিত ধার্য তারিখ ও সময়ে নিম্নেবর্ণিত শর্ত সাপেক্ষে সরেজমিনে প্রকাশ্যে নিলাম ডাকের মাধ্যমে বিক্রয় করা হবে। সর্বসাধারণকে যথাসময়ে নিলাম ডাকে অংশগ্রহণের জন্য আহবান জানানো হলো।

**শর্তাবলী :**

- ১। নিলামে ডাকে অংশ গ্রহণের পূর্বে সরেজমিনে নিলাম যোগ্য বিভিন্ন গাছের মৌসুমী রস প্রকাশ্যে পরিদর্শন করে ডাকে অংশগ্রহণ করতে হবে।
- ২। সর্বোচ্চ ডাককারীর সম্পূর্ণ ডাকমূল্যের উপর বিধি মোতাবেক (ক) ৫% হারে আয়কর (খ) ৭.৫% হারে মূল্য সংযোজন কর (ভ্যাট) এবং (গ) ডাকমূল্যের সম্পূর্ণ টাকা তাৎক্ষণিক জমা প্রদান করতে বাধ্য থাকতে হবে।
- ৩। ডাকমূল্য চূড়ান্ত অনুমোদনের ০৭ (সাত) দিনের মধ্যে উপযুক্ত রশিদের মাধ্যমে টাকা পরিশোধ করে নিলামকৃত গাছের মৌসুমী রস ও ফল জেলা পরিষদের একজন প্রতিনিধির উপস্থিতিতে বুকে নিতে হবে।
- ৪। কোন শর্ত অমান্য করলে তার ডাক বাতিল করা হবে এবং জমাকৃত টাকা কর্তৃপক্ষ কর্তৃক বাজেয়াপ্ত করা হবে। ডাক গ্রহণ ও বাতিল করার সকল ক্ষমতা জেলা পরিষদ কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষণ করেন এবং কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হবে। বিস্তারিত তথ্যাদির জন্য জেলা পরিষদ কার্যালয়ে যোগাযোগ করা যেতে পারে।

**প্রকাশ্য নিলামে মৌসুমী রস ও ফল বিক্রয়ের বিবরণ নিম্নে দেয়া হলো :**

ক্রম নং	গাছের বিবরণ	তারিখ ও সময়	নিলাম ডাকের স্থান
০১	০২	০৩	০৪
০১	বাগেরহাট জেলা পরিষদ মালিকানাধীন আবাদ পুকুর পাড়ের তাল গাছের মৌসুমী রস ও ফল প্রকাশ্যে নিলামে বিক্রয়	০৩/০৫/২০২৩ খ্রি. সকাল ১১.৩০ ঘটিকা	আবাদ পুকুর পাড়
০২	বাগেরহাট জেলা পরিষদ মালিকানাধীন নবম-মাইল ডাইভারশন রাস্তার পার্শ্বের মৌসুমী তাল গাছের রস ও ফল প্রকাশ্যে নিলামে বিক্রয়	০৩/০৫/২০২৩ খ্রি. সকাল ১২.০০ ঘটিকা	নবম-মাইল ডাইভারশন রাস্তা

রুমুর বালু

প্রধান নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত)

জেলা পরিষদ, বাগেরহাট।

ফোনঃ ০২৪৭৭-৭৫২৪৮১।

Email: zpbagerhat@lgd.gov.bd

স্মারক নংঃ- ৪৬.৪২.০১০০.০০১.৩২.১৮৪.২৩-১০৯

তারিখঃ ২৬.০৪.২০২৩ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো :

- ১। পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ, খুলনা।
- ২। চেয়ারম্যান, জেলা পরিষদ, বাগেরহাট।
- ৩। জেলা প্রশাসক, বাগেরহাট।
- ৪। জেলা তথ্য অফিসার, বাগেরহাট-কে উক্ত নিলামের বিষয়ে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হল।
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, কচুয়া/মেড়েলগঞ্জ, বাগেরহাট।
- ৬। অফিসার ইনচার্জ, কচুয়া/মেড়েলগঞ্জ, বাগেরহাট।
- ৭। সহকারী প্রকৌশলী, জেলা পরিষদ, বাগেরহাট।
- ৮। জনাব.....বাগেরহাট।
- ৯। প্রশাসনিক কর্মকর্তা, প্রধান সহকারী ও সার্ভেয়ার, জেলা পরিষদ, বাগেরহাটকে নোটিশে বর্ণিত তারিখ ও সময়ে সরেজমিনে উপস্থিত হয়ে নিলাম কার্য পরিচালনার জন্য অনুরোধ করা হলো এবং নিলামে বিক্রয়কৃত অর্থ সংশ্লিষ্ট খাতে জমা প্রদান করার জন্যও বলা হলো।
- ১০। অফিস কপি।

প্রধান নির্বাহী কর্মকর্তা

জেলা পরিষদ, বাগেরহাট।